যে ব্যক্তি কোন মুসলমান ব্যক্তির মাল নাহক আত্মসাৎ করার জন্য মিথ্যা কসম খাবে, সে আল্লাহর সাথে এমন অবস্থায় সাক্ষাৎ করবে, যখন তিনি তার উপর ক্রোধান্বিত থাকবেন।

আব্দুল্লাহ ইবনে মাসঊদ রাদিয়াল্লাহু থেকে মারফূ‘ হিসেবে বর্ণিত: “যে ব্যক্তি কোন মুসলমান ব্যক্তির মাল নাহক আত্মসাৎ করার জন্য মিথ্যা কসম খাবে, সে আল্লাহর সাথে এমন অবস্থায় সাক্ষাৎ করবে, যখন তিনি তার উপর ক্রোধান্বিত থাকবেন। অতঃপর নাযিল হল: যার অর্থ, ‘যারা আল্লাহর প্রতিশ্রুতি ও নিজেদের শপথ স্বল্প মূল্যে বিক্রয় করে, পরকালে
তাদের কোন অংশ নেই”। আয়াতের শেষ পর্যন্ত। [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

যে ব্যক্তি অন্যায়ভাবে অপরের সম্পদকে হনন করে তার জন্য হাদীসটিতে রয়েছে কঠিন হুমকি ও শাস্তি। সে অবশ্যই মিথ্যা ও অসৎ শপথ এবং অন্যায় যুক্তি দিয়ে অপরের সম্পদ ছিনিয়ে নিয়েছে। কিয়ামতের দিন এ লোক আল্লাহর সাথে সাক্ষাৎ করবে যে অবস্থায় আল্লাহ তার ওপর ক্ষুব্ধ। আর যার ওপর আল্লাহ ক্ষুব্ধ হবেন সে অবশ্যই ধ্বংস হবে। তারপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ কঠিন হুমকির প্রমাণ স্বরূপ কুরআনের এ আয়াতটি তিলাওয়াত করেন।

https://sunnah.global/hadeeth/bn/show/2996